DEC. 26 2001

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৮

# ব্রিটেনে বাংলা স্কুলের প্রথম স্থান লাভ

**ইউএনবি,** *লন্ডন*

বহু সমস্যার মাঝেও পূর্ব-লন্ডনের টাওয়ার হ্যামলেটসের একটি বাংলা স্কুলের ছাত্রছাত্রীরা পরীক্ষায় অভাবনীয় সাফল্য অর্জন করেছে। ব্রিটেনের সব স্কুলের মধ্যে ওসমানী প্রাইমারি স্কুল প্রথম স্থান অধিকার করেছে।

স্কুলের ছাত্রছাত্রীরা ইংরেজি, অংক এবং বিজ্ঞানে খুবই ভাল করেছে। তাদের বিষয়ভিত্তিক সাফল্যের হার ইংরেজিতে ৭২%, অংকে ৭৫% এবং বিজ্ঞানে ৮৫%। ওই স্কুলের ৯৫ শতাংশ ছাত্রছাত্রীই বাংলাদেশী। গত তিন বছর ধরে তারা এরকম ঈর্ষণীয় ফলাফল করে আসছে।